

রেজিস্ট্রারের কার্যালয়
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
খুলনা-৯২০৩

বিজ্ঞপ্তি

২০১৪-২০১৫ইং শিক্ষাবর্ষে যন্ত্রকৌশল বিভাগের ৩য় এবং ৪র্থ বর্ষ ১ম টার্মের কোর্স রেজিস্ট্রেশন অনলাইনের মাধ্যমে আগামী ০৭/০৪/২০১৫ইং থেকে ১৯/০৪/২০১৫ইং তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীদেরকে কোর্স রেজিস্ট্রেশনের জন্য বিভাগীয় প্রধান/কোর্স এডভাইজার এর নিকট হতে রেজিস্ট্রেশনকৃত ক্রেডিট নির্ধারণ পূর্বক বিভাগীয় প্রধানের নিকট হতে রেজিস্ট্রেশন ফরম সংগ্রহ করার পর শিক্ষা শাখা হতে নিম্নবর্ণিত হারে বিভিন্ন খাতের ফি বাবদ টাকা পরিশোধের ছাড়পত্র গ্রহণ করার জন্য বলা যাচ্ছে।

**ফি এর বিবরণ
(৩য় এবং ৪র্থ বর্ষ ১ম টার্ম)**

সঞ্চয়ী হিসাব নং :- ২৫৮৯		
১।	বেতন প্রতি সেমিস্টার	৩২০/-
২।	কোর্স রেজিস্ট্রেশন ফি (প্রতি ক্রেডিট ২৫/- হারে) ন্যূনতম	৫০০/-
৩।	আসন ভাড়া	৪০/-
৪।	চিকিৎসা ফি	১৫০/-
৫।	পরীক্ষার ফি	৩৫০/-
৬।	ইন্টারনেট চার্জ	১৮০/-
৭।	গ্রোডশীট	২৫/-
৮।	পরিবহন ফি	১৭৫/-
৯।	বিদ্যুৎ	২৭৫/-
	মোট =	২০১৫/-
সঞ্চয়ী হিসাব নং-২১৪৩		
১০।	ধর্মীয় ফি	৫০/-
সঞ্চয়ী হিসাব নং-২৩০৩		
১১।	ছাত্র বিষয়ক কার্যক্রম	১০০/-
১২।	সাহিত্য ও সংস্কৃতি	৭৫/-
১৩।	খেলাধুলা ফি	১৭৫/-
১৪।	বার্ষিকী	৬০/-
	মোট =	৪১০/-
সঞ্চয়ী হিসাব নং-৬২৫০		
১৫।	জরুরী সাহায্য তহবিল	৭৫/-
	সর্বমোট =	২৫৫০/-

**জরিমানা ছাড়া টাকা জমা দেয়ার তারিখ : ০৭/০৪/২০১৫ থেকে ১৯/০৪/২০১৫ইং তারিখ পর্যন্ত ।
২০০/- (দুইশত) টাকা জরিমানাসহ জমা দেয়ার তারিখ ২০/০৪/২০১৫ হতে ২৮/০৪/২০১৫ইং তারিখ পর্যন্ত ।**

নির্ধারিত সময়ের মধ্যে কোর্স রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে ব্যর্থ হলে উক্ত টার্মের জন্য কোর্স রেজিস্ট্রেশন গ্রহণ করা হবে না।

টাকা, ফরম জমা ও রেজিস্ট্রেশন করার নিয়ম :

- কোর্স রেজিস্ট্রেশন কার্ডে প্রভোস্ট, কোর্স-এডভাইজার এবং বিভাগীয় প্রধানের স্বাক্ষরের পর শিক্ষা শাখা কর্তৃক যাচাই পূর্বক উক্ত শাখা ফরমের টাকা ব্যাংকে জমা দেয়ার জন্য ছাড়পত্র প্রদান করবে।
- কোন ছাত্র/ছাত্রীর ২০ (বিশ) ক্রেডিটের বেশী হলে (ভগ্নাংশ হলেও পূর্ণ ক্রেডিট হিসেবে গণ্য হবে) প্রতি ক্রেডিটের জন্য ২৫/- (পঁচিশ) টাকা হারে অতিরিক্ত প্রদান করতে হবে।
- ব্যাংকে টাকা জমা দেয়ার পর অনলাইনের মাধ্যমে কোর্স রেজিস্ট্রেশন করে জমা রশিদ ও কোর্স রেজিস্ট্রেশন কার্ড শিক্ষা শাখায় জমা দিতে হবে।

রেজিস্ট্রার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/শিক্ষা/সংস্থাপন/

তাং :

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি দেয়া হলো :

- ডীন, যন্ত্রকৌশল অনুষদ, অত্র বিশ্ববিদ্যালয়।
- পরিচালক, আই আই সিটি/আইডিএম, অত্র বিশ্ববিদ্যালয়।
- বিভাগীয় প্রধান, যন্ত্রকৌশল বিভাগ, অত্র বিশ্ববিদ্যালয়। সংশ্লিষ্ট সকল ছাত্র/ছাত্রীদের মধ্যে প্রচারের অনুরোধসহ।
- প্রভোস্ট, সকল হল, অত্র বিশ্ববিদ্যালয়। সংশ্লিষ্ট সকল ছাত্র/ছাত্রীদের মধ্যে প্রচারের অনুরোধসহ।
- কম্পট্রোলার, অত্র বিশ্ববিদ্যালয়।
- পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা শাখা, অত্র বিশ্ববিদ্যালয়।
- প্রকৌশলী মিহিরলাল সরকার, প্রোগ্রামার, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয় (উক্ত বিজ্ঞপ্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)।
- জনাব ইঞ্জিঃ মোঃ আবু হানিফ শেখ, সহকারী প্রোগ্রামার, অত্র বিশ্ববিদ্যালয়।
- ম্যানেজার, জনতা ব্যাংক খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা, খুলনা। ছাত্র/ছাত্রীদের পরীক্ষার ফি ও অন্যান্য পাওনাদি জমা নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থার জন্য অনুরোধ করা হলো। অত্র বিশ্ববিদ্যালয় এর শিক্ষা শাখার ছাড়পত্র ছাড়া কোন টাকা জমা না নেয়ার জন্য অনুরোধ করা হলো।
- সকল বিজ্ঞপ্তি ফলক, অত্র বিশ্ববিদ্যালয়।
- সংরক্ষন নথি।

সহকারী রেজিস্ট্রার (শিক্ষা)

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়